

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৪ এর ছুটিকালীন সময়ে হাসপাতাল সমূহের জন্য নির্দেশনা প্রতিপালন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঈদ-উল-আযহা ২০২৪ এর ছুটির সময়ে (২৫/০৫/২০২৪খ্রি. থেকে ৩১/০৫/২০২৪খ্রি.) হাসপাতাল সমূহে চিকিৎসা সেবা ব্যবস্থাপনার জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলোঃ

- (১) জরুরী বিভাগে প্রয়োজনে অতিরিক্ত চিকিৎসক পদায়ন পূর্বক সার্বক্ষণিক চিকিৎসক এর উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- (২) জরুরী বিভাগ ও লেবার রুম, ইমারজেন্সী ওটি, ল্যাব, সিটি স্ক্যান, এমআরআই সার্বক্ষণিক চালু রাখতে হবে।
- (৩) কর্মস্থলে পর্যাপ্ত জনবল ও চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য ঈদের আগে ও পরে সমন্বয় করে জনবলকে পর্যায়ক্রমে ছুটি দেওয়া যেতে পারে।
- (৪) প্রতিষ্ঠান প্রধান নিরবচ্ছিন্ন জরুরী চিকিৎসা কার্যক্রম ও জনস্বার্থকে প্রাধান্য দিয়ে ছুটি মঞ্জুর করবেন।
- (৫) সিভিল সার্জন, বিভাগীয় পরিচালক-কে অবহিত করে শুধু মাত্র ঈদের ছুটিকালীন সময়ে নিজ জেলার মধ্যে অতি প্রয়োজনীয় জনবল সমন্বয় করতে পারবেন।
- (৬) হাসপাতালের অন্তঃবিভাগ ইউনিট প্রধানগণ প্রতিদিন তাদের বিভাগীয় কার্যক্রম তদারকি করবেন। মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহে জরুরী ল্যাব, এক্স-রে সেবা সার্বক্ষণিক চালু রাখতে হবে। উপজেলা পর্যায়ে বিশেষজ্ঞ চিকিৎসকদের অনকল সেবা চালু রাখতে হবে।
- (৭) বিভাগীয় ও জেলা পর্যায়ের হাসপাতালে শিশু ওয়ার্ড এবং হাম আইসোলেশন ওয়ার্ডে পর্যাপ্ত চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী নিশ্চিত করতে হবে। ছুটির দিনসহ প্রতিদিন বিশেষজ্ঞ চিকিৎসক সকাল, বিকাল দুইবেলা রাউন্ড দিবেন।
- (৮) ছুটি শুরু হবার পূর্বেই ছুটিকালীন সময়ের জন্য পর্যাপ্ত ঔষধ, আইভি ফ্লুইড, কেমিক্যাল রি-এজেন্ট, সার্জিক্যাল সামগ্রী মজুদ ও তাৎক্ষণিক ভাবে সরবরাহের ব্যবস্থা রাখতে হবে। এক্ষেত্রে স্টোর কিপার অথবা ছুটি কালীন দায়িত্বপ্রাপ্ত স্টাফ অবশ্যই নিজ জেলা ও উপজেলায় অবস্থান করবেন।
- (৯) অ্যাম্বুলেন্স সার্ভিস সার্বক্ষণিক চালু রাখতে হবে।
- (১০) ছুটিকালীন সময়ে হাসপাতালের নিরাপত্তার জন্য স্থানীয় প্রশাসন ও আইন প্রয়োগকারী সংস্থাকে আগাম পত্র দিতে হবে।
- (১১) ছুটিকালীন সময়ে সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে অগ্নি নির্বাপন বিষয়ক সতর্কতা অবলম্বন করতে হবে।
- (১২) প্রতিষ্ঠান প্রধান ও বিভিন্ন বিভাগের প্রধানগণ ছুটি কালীন সেবা প্রদানকারী কর্মকর্তা ও কর্মচারীদের সাথে নিয়মিত যোগাযোগ করবেন এবং ঈদের দিন কুশল বিনিময় করবেন।
- (১৩) প্রতিষ্ঠান প্রধান ছুটি নিলে অবশ্যই বিধি মোতাবেক কাউকে দায়িত্ব দিয়ে যাবেন এবং দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তা সকল দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করবেন। দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- (১৪) প্রতিষ্ঠান প্রধান ঈদের দিন রোগীদের উন্নতমানের খাবার পরিবেশন তদারকি করবেন এবং রোগীদের সাথে শূভেচ্ছা বিনিময় করবেন।
- (১৫) বহিঃবিভাগ একাধারে ৭২ ঘন্টার অধিক বন্ধ রাখা যাবে না। এক্ষেত্রে ২৬ মে, ৩০ মে প্রতিষ্ঠান চালু রাখা যেতে পারে। প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব প্রতিষ্ঠানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।
- (১৬) ক) সকল বেসরকারি ক্লিনিক/হাসপাতাল রেজিষ্টার্ড চিকিৎসকের অধীনে সার্বক্ষণিক জরুরী ও প্রসূতি বিভাগ, হাম ওয়ার্ড খোলা রাখবে।
খ) কোন রোগী রেফার করার আগে প্রয়োজনীয় প্রাথমিক চিকিৎসা এবং যাত্রাপথের চিকিৎসা নিশ্চিত করতে হবে।
গ) রেফার্ড রোগীদের ক্ষেত্রে অ্যাম্বুলেন্স প্রাপ্তির প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
ঘ) উন্নত ব্যবস্থাপনার প্রয়োজন ছাড়া রোগী রেফার করার প্রবণতা যথাসম্ভব পরিহার করতে হবে।
- (১৭) পশুর হাটের নিকটবর্তী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলিতে বিশেষ প্রস্তুতি নিতে হবে।
- (১৮) যেকোন দুর্ঘটনা, অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা সম্পর্কে স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম-কে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই নির্দেশনা জারি করা হলো।

(ডা. আবু হোসেন মোঃ মঈনুল আহসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
- ২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য, সকল (বিভাগীয় কমিশনার, ডিআইজি, পরিচালক-ফায়ারবিগ্রেড-কে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪। তত্ত্বাবধায়ক, জেলা সদর/জেনারেল হাসপাতাল (সকল)
- ৫। সিভিল সার্জন, সকল (জেলা প্রশাসক ও পুলিশ সুপারগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সকল (ইউএনও এবং ওসি গণকে অবহিতকরণের অনুরোধসহ)।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/মেডিকেল টিম/বিবিধ/২০২৪/১০৭৪/১(১১)

তারিখঃ ১৯/০৫/২০২৬খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (দৃঃ আঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (দৃঃ আঃ প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
- ৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃঃ আঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। পরিচালক, প্রশাসন/অর্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। জেলা প্রশাসক (সকল)।
- ১০। পুলিশ সুপার (সকল)।
- ১১। অফিস কপি।

(ডা. আবু হোসেন মোঃ মঈনুল আহসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২